# CityFHEPS প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী
# কমিউনিটিতে থাকা গ্রাহকদের জন্য
# (Bengali)

এই নথিটি CityFHEPS ভাড়া সহায়তা প্রোগ্রাম সম্পর্কে সাধারণ তথ্য প্রদান করে। এই তথ্য সেইসমস্ত নিউইয়র্কবাসীদের জন্য যাদের বর্তমানে বাসস্থান থাকলেও সেটি হারাবার ঝুঁকি আছে। এই নথিটি CityFHEPS প্রোগ্রামের ক্রিয়াকলাপ সম্পর্কে সম্পূর্ণ বিবরণ প্রদানের উদ্দেশ্যে নয়।

## CityFHEPS কি?

CityFHEPS হল একটি ভাড়া সহায়তা প্রোগ্রাম যা ব্যক্তি এবং পরিবারকে আবাস খুঁজে বের করতে এবং রাখতে সহায়তা করে। এটি সামাজিক পরিষেবাদি বিভাগ (Department of Social Services, DSS) দ্বারা পরিচালিত হয়, যাতে গৃহহীন পরিষেবাদি বিভাগ (Department of Homeless Services, DHS) এবং মানবসম্পদ প্রশাসন (Human Resources Administration, HRA) উভয়ই অর্ন্তভুক্ত রয়েছে।

শুধুমাত্র DSS এই প্রোগ্রামে আপনার যোগ্যতা নির্ধারণ করতে পারবে। আপনার যোগ্যতা কয়েকটি বিষয়ের উপর নির্ভরশীল। যোগ্যতা কিভাবে নির্ধারিত হয়, এই নিচের তথ্য সেই সম্পর্কে প্রাথমিক নির্দেশনা প্রদান করে।

## আমি কি CityFHEPS পেতে পারি?

CityFHEPS এর জন্য যোগ্যতা লাভ করতে, পরিবারবর্গের মোট উপার্জন অবশ্যই যুক্তরাষ্ট্রীয় দারিদ্র্য সীমার 200% এর সমান বা তার কম হতে হবে এবং নিম্নলিখিত চারটি (4) মানদণ্ডের যে কোনো **একটি** মানদণ্ড পূরণ করতে হবে:

1. পরিবারটিতে মার্কিন যুক্তরাষ্ট্র সেনাবাহিনীতে কর্মরত ছিলেন এমন কেউ আছেন এবং তার বাসস্থান হারানোর ঝুঁকি আছে; **বা**
2. পরিবার বা পাথওয়ে হোম-এর সুবিধা পায় এবং DHS বা HRA আশ্রয়ে থাকলে CityFHEPS-এর জন্য যোগ্যতা লাভ করবে; **বা**
3. আপনার পরিবারকে একটি CityFHEPS যোগ্যতা লাভ করা প্রোগ্রাম রেফার করেছে, এবং DSS নির্ধারণ করেছে যে আশ্রয়স্থলে প্রবেশ এড়াতে CityFHEPS প্রয়োজন; **বা**
4. পরিবারটি আদালতে উচ্ছেদের সম্মুখীন (বা গত বছর উচ্ছেদ করা হয়েছে)
   **এবং:**
   - এমন কেউ আছেন যিনি পূর্বে কোনো DHS আশ্রয়ে বাস করেছেন; **বা**
   - এমন কেউ আছেন যার একটি সক্রিয় প্রাপ্তবয়স্কদের প্রতিরক্ষামূলক পরিষেবা (APS) আছে বা যিনি একটি নিয়োজিত সম্প্রদায় অভিভাবকত্ব প্রোগ্রামে আছেন; **বা**
   - একটি ভাড়া নিয়ন্ত্রিত অ্যাপার্টমেন্টে থাকেন এবং সেই অ্যাপার্টমেন্টে থাকার জন্য CityFHEPS ব্যবহার করবে।

**(পরের পৃষ্ঠায় যান)**

### আমি কী ভাবে CityFHEPS এর জন্য আবেদন করব?

CityFHEPS-এর জন্য আবেদন করতে, আপনাকে অবশ্যই DSS-এর হোমবেস নামক অলাভজনক পরিষেবা প্রদানকারীদের একটির সঙ্গে যোগাযোগ করতে হবে। নিউ ইয়র্ক সিটির পাঁচটি বরোতে 20টিরও বেশি অফিস আছে। হোমবেস সম্পর্কে আরও জানতে এবং আপনার নিকটবর্তী স্থানটি জানতে https://www.nyc.gov/site/hra/help/homebase.page দেখুন।

আপনি হোমবেস অফিসে গেলে, CityFHEPS-এর জন্য আপনার যোগ্যতার সম্ভাবনা নির্ধারণ করতে একজন কেস কর্মী DSS-এর জন্য প্রয়োজনীয় তথ্য আপনার থেকে সংগ্রহ করবেন।

কেসকর্মীটি যুক্তরাষ্ট্রীয় ও স্টেটের ভাড়া সহায়তার প্রোগ্রাম সহ আরও সরকারী সুযোগ সুবিধার জন্য আবেদন করতে রেফার করতে পারেন।

আপনার পরিবার যোগ্য বলে বিবেচিত হলে, এবং অন্যান্য সুযোগ সুবিধার প্রস্তাব দেওয়া হলে, আপনাকে **অবশ্যই** সেগুলি গ্রহণ করতে হবে। এটি CityFHEPS প্রোগ্রামের আবশ্যিকতা।

### আমি CityFHEPS এর জন্য উপযুক্ত কিনা আমি তা কেমন করে জানব?

কেস কর্মীর থেকে DSS চিঠিটি পেলে আপনি জানতে পারবেন আপনি CityFHEPS এর জন্য যোগ্যতা লাভ করতে পারবেন কিনা। আপনার কেস কর্মীর থেকে আপনি দুটি চিঠি পেতে পারেন।

এগুলি হল “শপিং লেটার” এবং “হাউজহোল্ড শেয়ার লেটার।” পরিবারবর্গ তাদের বর্তমান আবাসনে থাকতে চাক বা তাদের নতুন আবাসনে চলে যেতে চাক, উভয় ক্ষেত্রেই তারা একটি পরি্বার শেয়ার চিঠি পাবেন, কিন্তু যারা একটি নতুন আবাসন খুঁজছেন, তারা শপিং লেটার পাবেন।

আপনার CityFHEPS পাওয়ার যোগ্যতা কয়েকটি বিষয়ের উপর নির্ভরশীল, যার মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু সীমিত নয়, আপনার সনাক্তকৃত আবাসনের ইউনিটটি CityFHEPS এর আবশ্যিকতা পূরণ করছে কিনা এবং আপনি CityFHEPS যোগ্যতা লাভের মানদন্ড পূরণ করেছেন কিনা।

### আমি আমার কেস কর্মীর থেকে যে চিঠি(গুলি) পাবো তা দিয়ে আমি কী করব?

হাউজহোল্ড শেয়ার লেটার শুধুমাত্র **আপনার ব্যবহারের জন্য**। এটি সম্ভাব্য বাড়িওয়ালা বা ব্রোকারদের সাথে শেয়ার করার জন্য নয়।

হাউজহোল্ড শেয়ার লেটার আপনাকে জানায়:

- আপনার সম্ভাব্য CityFHEPS ভাড়া সহায়তা সম্পূরক অর্থরাশি;
- আপনাকে কত ভাড়া প্রদান করতে হবে তার একটি অনুমান (আপনার “পরিবারের শেয়ার”); এবং
- আপনি কেন CityFHEPS পাওয়ার যোগ্যতা লাভ করবেন তার কারণসমূহ।

**(পরের পৃষ্ঠায় যান)**

**আমার কেস কর্মীর থেকে আমি যে চিঠি(গুলি) পাব সেগুলি দিয়ে আমি কী করব? (ক্রমশ)**

আপনার হাউজহোল্ড শেয়ার লেটারে সব তথ্য সঠিক আছে কিনা তা পর্যালোচনা করা জরুরি। আপনি CityFHEPS এর জন্য যোগ্য হিসাবে বিবেচিত হলে আপনি আপনার পরিবারের চূড়ান্ত শেয়ার সহ DSS থেকে একটি চিঠি পাবেন। আপনি যখন আপনার হাউজহোল্ড শেয়ার লেটার পেয়েছিলেন তার পরে আপনার তথ্য পরিবর্তিত হলে, আপনার অনুমোদনের চিঠিতে যে অর্থরাশির উল্লেখ আছে এবং আপনাকে যা প্রদান করতে হবে তা ভিন্ন হতে পারে। আপনার অনুমোদনের চিঠিতে সঠিক প্রদানযোগ্য অর্থরাশির উল্লেখ করা আছে।

**আমি আমার বর্তমান আবাসনে থাকতে চাইলে কী হবে?**

আপনার কেস কর্মী DSS এর সাথে CityFHEPS এর জন্য একটি আবেদন জমা করতে সহায়তা করবেন, যা আপনার যোগ্যতামান, উচ্ছেদের নথি, এবং বকেয়া নথিকে অন্তর্ভুক্ত করবে।

আপনার CityFHEPS পাওয়ার যোগ্যতা কয়েকটি বিষয়ের উপর নির্ভরশীল, যার মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু সীমিত নয়, আপনার সনাক্তকৃত আবাসনের ইউনিটটি CityFHEPS এর আবশ্যিকতা পূরণ করছে কিনা, ভাড়ার বকেয়ার পরিমাণ এবং আপনি CityFHEPS যোগ্যতা লাভের মানদন্ড পূরণ করেছেন কিনা।

**আমি নতুন আবাসনে চলে যেতে চাইলে কী হবে?**

আপনি একটি হাউজহোল্ড শেয়ার লেটার এবং একটি শপিং লেটার পাবেন। আপনার শপিং লেটার **120 দিনের জন্য বৈধ।** মেয়াদ শেষ হয়ে যাওয়ার তারিখটি শপিং লেটারে তালিকাবদ্ধ আছে। একবার আপনি এই চিঠিটি পেলে, আপনি আবাসন খোঁজা শুরু করতে পারেন।

শপিং লেটারটি আপনি যে কোনো সম্ভাব্য বাড়িওয়ালা বা ব্রোকারের  সাথে শেয়ার করতে পারেন। শপিং লেটার আপনাকে, বাড়ির মালিক এবং/বা একজন ব্রোকারকে বলবে:

- CityFHEPS আপনার পরিবারের আকার এবং আবাসনের ধরনের (যেমন অ্যাপার্টমেন্ট, রুম, SRO) জন্য সর্বোচ্চ পরিমাণ ভাড়ার অনুমতি দেবে;
- CityFHEPS যোগ্যতামান মূল্যায়ন অবিরত রাখতে বাড়িওয়ালা বা ব্রোকারের  থেকে প্রয়োজনীয় নথি; এবং
- সেটি বাড়িওয়ালা এবং ব্রোকারদের আমাদের ওয়েবসাইট, www.nyc.gov/dsshousing এও নির্দেশিত করবে, যেখানে তারা আরও যে আর্থিক ইনসেনটিভগুলি পেতে পারেন, সেই সম্পর্কিত তথ্য পাওয়া যেতে পারে।

একবার আপনি শপিং লেটার এবং হাউজহোল্ড শেয়ার লেটার পেলে, আপনি একটি অ্যাপার্টমেন্ট, এক শয্যা বিশিষ্ট (SRO) ইউনিট বা ঘর খোঁজা শুরু করতে পারেন। আপনাকে অবশ্যই একটি সম্ভাব্য আবাসনের বিকল্প খুঁজে বের করতে হবে এবং তারপরে আপনার আবেদন সম্পূর্ণ করতে আপনার কেস কর্মীর সাথে যোগাযোগ করতে হবে।

আপনার পরিবারের আকার অনুযায়ী আপনি একটি উপযুক্ত আবাসনের বিকল্প খুঁজে পেয়ে আপনার কেস কর্মীর সাথে যোগাযোগ করার পর, তারা আপনার হয়ে আপনার আবেদন DSS কে জমা করবে যাতে আপনি CityFHEPS এর জন্য যোগ্য কিনা তা আমরা নির্ধারণ করতে পারি।

**(পরের পৃষ্ঠায় যান)**

**CityFHEPS পেতে আমাকে কি নগদ সহায়তা পেতে হবে?**

আপনার পরিবার নগদ সহায়তা (Cash Assistance) এর জন্য যোগ্য হলে, আপনি অবশ্যই ওই সুযোগ সুবিধাগুলি পেতে থাকবেন। সেই সাথে, আপনার নগদ সহায়তার কেসের উপর কোনো "নিষেধাজ্ঞা" থাকতে পারবে না। একটি কেসের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয় যখন আপনি, আপনার পরিবারের কেউ, DSS/HRA নিয়মাবলী মেনে চলেন না এবং আপনার পরিবার কম সুযোগ সুবিধা পান। যদি আপনি বা আপনার পরিবারের অন্য কারোর অনুমোদন থাকে, তাহলে CityFHEPS পাওয়ার আগে সেটিকে মেটানোর আগে আপনাকে অবশ্যই আপনার DSS/HRA বেনিফিট অ্যাক্সেস সেন্টারের সাথে যোগাযোগ করতে হবে।

**আমি কতদিন ধরে CityFHEPS পেতে পারি?**

CityFHEPS প্রোগ্রামটি সাধারণত "ন্যায্য কারণ" এর জন্য অতিরিক্ত এক্সটেনশনগুলো সহ চার বার্ষিক (মোট পাঁচ বছর) পুনর্নবীকরণের জন্য প্রদান করা হয়ে থাকে।

এই সর্বোচ্চ পাঁচ বছর তাদের জন্য প্রযোজ্য হয় না যাদের পরিবারে 60 বছর বা তার অধিক বয়স্ক কোনো সদস্য অন্তর্ভুক্ত থাকে বা এমন একজন প্রাপ্তবয়স্ক অন্তর্ভুক্ত রয়েছে যিনি যুক্তরাষ্ট্রীয় অক্ষমতা সুবিধাগুলো গ্রহণ করে তাদের জন্য প্রযোজ্য নয়। পুনর্নবীকরণ পরিবারগুলোর যোগ্যতার প্রয়োজনীয়তাসমূহ অবিরত থাকা এবং তহবিলের উপলভ্যতা অবিরত থাকার বিষয়াধীন।

**CityFHEPS ব্যবহার করে আমি কোন ধরণের বাড়ি ভাড়ায় নিতে পারি? আমি কোথায় CityFHEPS ব্যবহার করতে পারি?**

আপনি নিউ ইয়র্ক স্টেটের যে কোন জায়গায় একটি সম্পূর্ণ অ্যাপার্টমেন্ট ভাড়া নিতে CityFHEPS ব্যবহার করতে পারেন। এছাড়াও আপনি একটি অ্যাপার্টমেন্টে বা নিউ ইয়র্ক সিটির পাঁচ (5) বরোর মধ্যে অবস্থিত একটি SRO ইউনিটে একটি সিঙ্গেল ঘর ভাড়া নিতে CityFHEPS ব্যবহার করতে পারেন। এই নথিতে প্রদত্ত ভাড়া এবং ইউটিলিটি পরিমাণ শুধুমাত্র তখনই বৈধ যদি আপনি নিউ ইয়র্ক সিটির মধ্যে স্থানান্তর করেন। আপনি যদি নিউ ইয়র্ক সিটির বাইরে, কিন্তু নিউ ইয়র্ক স্টেটের মধ্যে অবস্থিত কোনো অ্যাপার্টমেন্টে যাওয়ার কথা ভাবেন, তাহলে দয়া করে DSS CityFHEPS এ https://www.nyc.gov/site/hra/help/cityfheps-documents.page ওয়েবসাইটে রাজ্যব্যাপী টাকার পরিমান জানতে যান।

একটি অ্যাপার্টমেন্টে একটি একক কক্ষ সর্বাধিক দুজন প্রাপ্তবয়স্ক সদস্যের পরিবারের ক্ষেত্রে উপলব্ধ। নিউ ইয়র্ক সিটির মধ্যে সর্বোচ্চ ভাড়া যা CityFHEPS মঞ্জুর করবে তা হল প্রতি মাসে $1,100।

নঅর্থপ্রদানের মান বলতে বোঝায় HRA মালিক বা বাড়িওয়ালাকে CityFHEPS ভাড়াটের পক্ষ থেকে যে সর্বোচ্চ পরিমাণ ভর্তুকি প্রদান করবে। HRA-র পেমেন্ট স্ট্যান্ডার্ডগুলি হলো নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষ (New York City Housing Authority, NYCHA) কর্তৃক গৃহীত বিভাগ 8 এর ভিত্তি করে নির্ধারিত।

বেডরুমের সংখ্যা এবং সমস্ত বা কিছু ইউটিলিটি অন্তর্ভুক্ত আছে কিনা সেই তথ্যের উপর ভিত্তি করে এই অর্থপ্রদানের মানগুলি ভিন্ন হয়। নিশ্চিত করুন যে, ভাড়ার মধ্যে ইউটিলিটি অন্তর্ভুক্ত থাকলে আপনি জানেন কোন কোন ইউটিলিটি অন্তর্ভুক্ত। নীচের টেবিলটি দেখায় যে বেডরুমের সংখ্যা এবং ভাড়ার মধ্যে যদি কোনও ইউটিলিটি অন্তর্ভুক্ত থাকে তাহলে সেগুলির প্রকারের উপর ভিত্তি করে, HRA সর্বোচ্চ কত অর্থপ্রদান করবে।

HRA সর্বাধিক যে সংখ্যক বেডরুমের জন্য ভর্তুকি দেবে তাও অর্থপ্রদানের মানে উল্লেখ করা হয়। পেমেন্ট স্ট্যান্ডার্ডগুলি শুধুমাত্র সহায়তা লাভকারী পরিবারে বসবাসকারী লোকের সংখ্যার উপর ভিত্তি করে ঠিক করা। HRA প্রতি দুই জন ব্যক্তির একটি বেডরুম/ঘুমানোর জায়গার জন্য অর্থ প্রদান করবে। উদাহরণস্বরূপ, যদি 3 জন লোক থাকে, তাহলে HRA 2 টি বেডরুমের অর্থ প্রদান করবে যার একটি ঘুমানোর জায়গায় 2 জন এবং অন্য একটিতে 1 জন থাকতে পারবে।

**(পরের পৃষ্ঠায় যান)**

নীচের চার্টের পরিমাণগুলি শুধুমাত্র তখনই বৈধ যদি আপনি নিউ ইয়র্ক সিটির মধ্যে স্থানান্তর করেন। আপনি যদি নিউ ইয়র্ক সিটির বাইরে, কিন্তু নিউ ইয়র্ক স্টেটের মধ্যে অবস্থিত কোনো অ্যাপার্টমেন্টে যাওয়ার কথা ভাবেন, তাহলে দয়া করে DSS CityFHEPS এ https://www.nyc.gov/site/hra/help/cityfheps-documents.page ওয়েবসাইটে রাজ্যব্যাপী টাকার পরিমান জানতে যান।

| পরিবারের আকার | বেডরুমের সংখ্যা | সমস্ত ইউটিলিটি যাতে অন্তর্ভুক্ত রয়েছে | রান্নার গ্যাস ও বিদ্যুৎ ছাড়া | শুধুমাত্র রান্নার গ্যাস সহ | শুধুমাত্র বিদ্যুৎ সহ | কোনো ইউটিলিটি যাতে অন্তর্ভুক্ত নয় |
|---|---|---|---|---|---|---|
| **1** | **এক শয্যা বিশিষ্ট SRO** | **$1,967** | **$1,868** | **$1,893** | **$1,942** | **$1,783** |
| **1** | **0 (স্টুডিও)** | **$2,624** | **$2,525** | **$2,550** | **$2,599** | **$2,440** |
| **1 বা 2** | **1** | **$2,696** | **$2,584** | **$2,612** | **$2,668** | **$2,484** |
| **3 বা 4** | **2** | **$3,027** | **$2,885** | **$2,918** | **$2,994** | **$2,762** |
| **5 বা 6** | **3** | **$3,777** | **$3,606** | **$3,643** | **$3,740** | **$3,464** |
| **7 বা 8** | **4** | **$4,070** | **$3,868** | **$3,910** | **$4,028** | **$3,705** |
| **9 বা 10** | **5** | **$4,680** | **$4,448** | **$4,494** | **$4,634** | **$4,263** |
| **11 বা 12** | **6** | **$5,291** | **$5,059** | **$5,105** | **$5,245** | **$4,874** |
| **13 বা 14** | **7** | **$5,901** | **$5,669** | **$5,715** | **$5,855** | **$5,484** |
| **15 বা 16** | **8** | **$6,512** | **$6,280** | **$6,326** | **$6,466** | **$6,095** |
| **17 বা 18** | **9** | **$7,122** | **$6,890** | **$6,936** | **$7,076** | **$6,705** |
| **19 বা 20** | **10** | **$7,733** | **$7,501** | **$7,547** | **$7,687** | **$7,316** |

**যদি আমি আমার শপিং চিঠিতে যা উল্লেখ আছে তার থেকে কম বেডরুম থাকা অ্যাপার্টমেন্ট খুঁজে পাই?**
HRA প্রকৃত ভাড়ার উপর ভিত্তি করে স্ট্যান্ডার্ড পরিশোধ করবে, শপিং লেটার হিসাবে নয়। উদাহরণস্বরুপ, যদি আপনার শপিং লেটারে উল্লেখ থাকে যে আপনি 3 টি বেডরুম থাকা একটি অ্যাপার্টমেন্ট ভাড়া নিতে পারেন, কিন্তু যদি আপনি 2 টি বেডরুমের একটি অ্যাপার্টমেন্ট ভাড়া করেন, তাহলে আমরা 2 টি বেডরুম থাকা অ্যাপার্টমেন্টের জন্যই স্ট্যান্ডার্ড প্রদান করব। আপনি যে নির্দিষ্ট ইউনিটটি দেখছেন বা আপনি যে বিশেষ পরিস্থিতির সম্মুখীন হতে পারেন সে সম্পর্কে আপনার যদি কোনো প্রশ্ন থাকে, তাহলে আপনার কেস ম্যানেজারকে ইউনিটটিকে পর্যালোচনার জন্য বাড়ানোর জন্য বলুন।

**যদি আমি আমার শপিং লেটারে যা উল্লেখ আছে তার থেকে বেশি বেডরুম থাকা অ্যাপার্টমেন্ট খুঁজে পাই তাহলে কী হবে?**
HRA আপনার পরিবারের ইউনিটের আকারের উপর ভিত্তি করে স্ট্যান্ডার্ড প্রদন করবে। উদাহরণস্বরুপ, যদি আপনার শপিং লেটারে বলা হয় যে আপনি 2টি বেডরুমের একটি অ্যাপার্টমেন্ট ভাড়া নিতে পারেন, আপনি 3টি বেডরুমেরও একটি অ্যাপার্টমেন্ট ভাড়া নিতে পারেন যতক্ষণ না এটি একটি 2-বেডরুমের অ্যাপার্টমেন্টের জন্য অর্থপ্রদানের মান পূরণ করে (যদি আপনি নিউ ইয়র্ক সিটির মধ্যে স্থানান্তর করেন, তাহলে একটি 2-বেডরুমের অ্যাপার্টমেন্টের জন্য অর্থপ্রদানের মান হল $3,027)।

**(পরের পৃষ্ঠায় যান)**

**আমি যদি এমন একটি অ্যাপার্টমেন্ট খুঁজে পাই যেখানে ভাড়ার পরিমাণটি সমস্ত ইউটিলিটি সহ অ্যাপার্টমেন্টের মতো একই, কিন্তু ইউটিলিটিগুলি অন্তর্ভুক্ত নয়, তাহলে কী হবে? আমি কি ভাড়া কমানোর জন্য বাড়িওয়ালার সাথে চুক্তি করতে পারি এবং আমি পার্থক্যের অর্থরাশিটি পরিশোধ করতে পারি?**
বাড়িওয়ালা যদি ইউটিলিটি সরবরাহ না করে, তাহলে HRA ইউটিলিটি সহ অ্যাপার্টমেন্টের জন্য অর্থ প্রদান করবে না। কোন ইউটিলিটিগুলি প্রদান করা হচ্ছে, যদি কিছু থাকে, তা HRA-কে জানিয়ে, বাড়িওয়ালাদের অবশ্যই একটি ফর্ম পূরণ করতে হবে। এবং না, বাড়িওয়ালার সাথে সাইড ডিলের অনুমতি নেই।

**DSS-এর কি অ্যাপার্টমেন্ট/ইউনিটের জন্য অন্য কোনও আবশ্যকতা আছে?**
হ্যাঁ। ধারা 8-এর সদৃশভাবে, সমস্ত ভাড়াকে অবশ্যই একটি ভাড়ার যুক্তিযুক্ততা পরীক্ষায় পাস করতে হবে, যার অর্থ হল চার্জ করা ভাড়ার পরিমাণটি আশেপাশের এলাকার অন্যান্য অনুরূপ ইউনিটের চেয়ে বেশি হতে পারে না। সমস্ত কাগজপত্র DSS-এর কাছে জমা দেওয়ার পরে ভাড়ার যুক্তিযুক্ততা পরীক্ষা করা হবে।

**আমাকে কত ভাড়া প্রদান করতে হয় তা কি নির্ধারিত রয়েছে?**
আপনার প্রদান করা ভাড়ার পরিমাণ অনেকগুলি কারণের দ্বারা নির্ধারণ করা হয়। এটি আপনার পরিবারের আকার এবং পরিবারের প্রতিটি সদস্যের আয় অর্ন্তভুক্ত করে।

**যদি বাড়িমালিক বলে তারা CityFHEPS নিবে না সেক্ষেত্রে কি হবে?**
বাড়িওয়ালা/ব্রোকাররা আপনাকে ভাড়া দেওয়ার বিষয়টিকে অস্বীকার করতে পারবে না কারণ আপনি CityFHEPS পেয়েছেন। একে "আয়ের উত্স"-এর বৈষম্য বলা হয় এবং এটি নিউ ইয়র্ক সিটিতে বেআইনী। আপনি CityFHEPS পান বলে যদি কোনো বাড়িওয়ালা আপনাকে ভাড়া দিতে অস্বীকার করেন, তাহলে অনুগ্রহ করে 212-416-0197 নম্বরে NYC মানবাধিকার কমিশন (Commission on Human Rights)-এ কল করুন।

**CityFHEPS আমার বাড়ির মালিককে কত প্রদান করেছে এবং আমাকে কত প্রদান করতে হবে আমি তা কি করে জানব?**
আপনি CityFHEPS এর জন্য অনুমোদিত হলে, আমরা আপনাকে একটি নোটিশ পাঠাবো যাতে বলা থাকবে আমরা আপনার বাড়িওয়ালাকে কত অর্থ প্রদান করবো এবং আপনাকে কত অর্থ প্রদান করতে হবে।

**যদি আমার বাড়িমালিক বলে যে আমাকে অতিরিক্ত টাকা দিতে হবে তাহলে কি হবে?**
আপনার বাড়িওয়ালা আপনার কাছে ভাড়া ও HRA যা পে করছে সেটির পার্থক্যের পরিমাণের চেয়ে বেশি চাইতে পারবেন না।

অনুগ্রহ করে মনে রাখবেন যে, যদি আপনার আশ্রয় ভাতা কমে যায় বা প্রথম বছরের পরে আপনার ভাড়া সর্বাধিকের বেশি হয় তবে আপনাকে পার্থক্যটি মিটিয়ে দিতে হবে।

আপনার বাড়িমালিক আপনাকে সিকিউরিটি ডিপোজিট প্রদান করতে বলতে পারবে না কারণ DSS সিকিউরিটির জন্য তাদেরকে একটি ভাউচার দেয়। আপনার বাড়িওয়ালা আপনাকে আরও বেশি অর্থ প্রদান করতে বললে, অনুগ্রহ করে অবিলম্বে আপনার কেস কর্মীকে বলুন।

**মাসিক অর্থপ্রদান কীভাবে কাজ করে?**
DSS আপনার ভাড়ার CityFHEPS অংশটির জন্য প্রতি মাসে আপনার বাড়িওয়ালাকে একটি চেক প্রদান করবে।

**(পরের পৃষ্ঠায় যান)**

**যদি আমার লীজে বলা থাকে যে একটি নির্দিষ্ট তারিখের মধ্যে সমস্ত ভাড়া পরিশোধ করতে হবে, নাহলে লেট ফী দিতে হবে?**

যে মাসে ভাড়া দিতে হবে সেই মাসে ভাড়া পরিশোধ দেরিতে করলে, সেটিকে বিলম্ব বলে বিবেচনা করা হয় না। কোনও বাড়িওয়ালা এরপরেও লেট ফী চার্জ করার চেষ্টা করতে পারেন, তবে শুধুমাত্র লেট ফী-এর জন্য আপনাকে উচ্ছেদ করা যাবে না।

**বাড়িওয়ালা কি লেট ফী-এর জন্য আমাকে আদালতে নিয়ে যেতে পারেন?**

বাড়িওয়ালা আপনাকে শুধুমাত্র লেট ফী-এর জন্য হাউজিং কোর্টে নিয়ে যেতে সফল হবেন না। ভাড়ার CityFHEPS অংশের জন্য চার্জ করা লেট ফী-এর জন্য বাড়িওয়ালা আপনাকে স্মল ক্লেইমস কোর্টেও নিয়ে যেতে পারবেন না। তবে, যদি আপনার অংশটি বিলম্বিত হয় এবং লেট ফী চার্জ করা হয়ে থাকে, তাহলে তারা আপনাকে স্মল ক্লেইমস কোর্টে নিয়ে যেতে পারেন। আপনার পরিবারের অংশটি পরিশোধ করতে আপনার যদি সমস্যা হয়, তাহলে কী কী সাহায্য পাওয়া যেতে পারে তা দেখতে Homebase-এর সাথে যোগাযোগ করুন। আপনার কাছাকাছি হোমবেস -এর অবস্থান খুঁজে পেতে **311** এ কল করুন।

**আমার সহায়তার প্রয়োজন হলে বা CityFHEPS সম্পর্কে একটি প্রশ্ন থাকলে কাকে ফোন করতে হবে?**

আপনার কোনো প্রশ্ন থাকলে সবার আগে আপনাকে আপনার কেস কর্মীর সাথে কথা বলতে হবে।

**আমি যতদিন CityFHEPS পাব ততদিন পর্যন্ত আমার কি একই আবাসনে থাকার অধিকার আছে?**

সাধারণত, আপনি একটি ভাড়া-নিয়ন্ত্রিত ইউনিটে থাকলে, আপনি আপনার ইউনিটে থাকতে পারেন। তা না হলে, আপনার ইউনিটে থাকার অধিকার আপনার লিজের শর্তাবলীর উপর নির্ভরশীল।

**আমার আয়ের পরিবর্তন হলে ও আমি আমার প্রদেয় অংশ দিতে না পারলে কী করব?**

আপনার আয়ের নতুন নথি সংযুক্ত করে HRA-এর কাছে সংশোধন করার অনুরোধ জমা দিতে পারেন। আপনি আপনার CityFHEPS ভাড়া সহায়তা সম্পূরক অর্থপরিমাণের পরিবর্তনের জন্য অনুরোধ অনলাইনে এখানে পেতে পারেন: https://www.nyc.gov/site/hra/help/cityfheps-documents.page।

**আমার ভাড়া কখন বাড়বে?**

আপনার লিজ শেষ হয়ে যাওয়ার পর ভাড়া যাতে না বাড়ে তা CityFHEPS দেখবে না। আপনি একটি ভাড়া-নিয়ন্ত্রিত অ্যাপার্টমেন্টে থাকলে, আপনার ভাড়া শুধুমাত্র প্রযোজ্য আইনকানুন অনুযায়ী বাড়বে। এর মধ্যে অনুমোদনযোগ্য বছরের মাঝামাঝি বৃদ্ধি অন্তর্ভুক্ত। আপনি আপনার পুনর্নবীকরণে ভাড়া বৃদ্ধির পরিমাণ সহ একটি স্বাক্ষরিত লিজ জমা করতে পারেন অথবা আপনার CityFHEPS ভাড়া সহায়তা সম্পূরক পরিমাণে পরিবর্তনের জন্য অনুরোধ অনলাইনে এখানে পেতে পারেন: https://www.nyc.gov/site/hra/help/cityfheps-documents.page।

**(পরের পৃষ্ঠায় যান)**

**ভাড়া প্রদানে আমার কোনো সমস্যা হলে বা অন্য কোনো সমস্যা থাকলে কী হবে?**

আপনি যদি NYC-তে থাকেন, তাহলে আফটার কেয়ার পরিষেবার জন্য আপনি Homebase-এর সাথে যোগাযোগ করতে পারেন। লীজের নবিকরণের সময় ভাড়া বেড়ে যাওয়া সহ, ভাড়া প্রদানে কোনো সমস্যা হলে অবিলম্বে তাদের সাথে যোগাযোগ করুন। আপনার নিকটতম **হোমবেস** লোকেশন খুঁজে পেতে **311** এ কল করুন। আপনি যদি NYC-এর বাইরে থাকেন কিন্তু NYS-এর মধ্যে থাকেন, অনুগ্রহ করে 718-557-1399 নম্বরে কল করুন।

**আপনার জানা উচিত**

- একজন বাড়িওয়ালা বা ব্রোকার CityFHEPS গ্রহণ করা অস্বীকার করতে পারেন না। CityFHEPS গ্রহণ করতে অস্বীকার করলে NYC মানবাধিকার আইন বা NYS মানবাধিকার আইন এর অধীনে আয় বৈষম্যের উৎস হতে পারে।
- সাইড ডিল নিষিদ্ধ। সাইড ডিল হল যখন কোনো বাড়িওয়ালা বা ব্রোকার আপনাকে অতিরিক্ত অগ্রিম বা চলতে থাকা পেমেন্ট চান।
- কোনো বাড়িওয়ালা বা ব্রোকার CityFHEPS প্রত্যাখ্যান করলে অথবা আপনাকে একটি পার্শ্ব চুক্তির করার জন্য বলেন, তাহলে 212-416-0197 নম্বরে NYC মানবাধিকার কমিশন-এ কল করুন।
- HRA নিরাপত্তার ভাউচারটি নিরাপত্তার পেমেন্ট হিসাবে বিবেচিত হয়। একজন বাড়িমালিক বা ব্রোকারের আপনাকে সিকিউরিটির জন্য অতিরিক্ত অর্থ প্রদান করার কথা বলা উচিত নয়।
- ব্রোকারের আপনাকে অতিরিক্ত দালালি দেওয়ার কথা বলা উচিত নয় কারণ DSS আপনার দালালকে দালালি প্রদান করেছে।
- আপনার বাড়িমালিক আপনাকে একটি অন্য ইউনিটে সরে যাওয়ার জন্য জোর করতে পারে না।
- আপনি আপনার ওয়াকথ্রুতে যে ইউনিটটি দেখেছিলেন এবং আপনি নতুন বাড়িতে দখল নেওয়ার সময় যেটি পেয়েছেন তা যদি একই না হয় তাহলে অবিলম্বে 212-416-0197 নম্বরে NYC মানবাধিকার কমিশন-এ কল করুন।

*CityFHEPS ফেডারেল ধারা 8 প্রকল্পের মতোই, তহবিল উপলভ্যতার শর্তাধীন, নির্দিষ্ট পরিমাণ ঘর ভাড়ার সহায়তা সহ বাড়িওয়ালা ও ভাড়াটে যে বাড়িওয়াল-ভাড়াটে সম্পর্ক স্থাপনের জন্য সহায়তা প্রদান করে। যেকোন চুক্তিবদ্ধ সম্পর্ক সম্পূর্ণভাবে কর্মসূচিতে প্রতিটি অংশগ্রহণকারী ভাড়াটে এবং কর্মসূচিতে অংশগ্রহণকারী প্রতিটি ভাড়াটের বাড়ির মালিকদের মধ্যে হয়ে থাকে।*